দৈনিক ইনকিলাব

৪/৯/২০০৩

তারিখ ........
পৃষ্ঠা ৩ কলাম ৩

# খুলনা ভার্সিটিতে ক্লাস বর্জন

খুলনা ব্যুরো ঃ খুলনা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান ডিসিপ্লিনের ছাত্রছাত্রীরা মাস্টার্স কোর্স চালু, প্রফেসর ও এসোসিয়েট প্রফেসর নিয়োগসহ পর্যাপ্ত শিক্ষক নিয়োগের দাবীতে গত রবিবার থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছে।

ছাত্রছাত্রীরা জানান, ৪ বছর ধরে এই অবস্থা চলে আসছে। আবেদন-নিবেদন, স্মারকলিপি প্রদান করেও কোন ফল হয়নি। তাই বাধ্য হয়ে অনির্দিষ্ট কালের জন্য ক্লাস বর্জন চলছে। এব্যাপার কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায়নি।